ঢাকা ওয়াসা

ক। ২০২৪-২৫ ইং অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।

খ। কাজের প্রাক্কলন।

বিষয়ঃ মডস জোন-১ এর আওতাধীন বিভিন্ন এলাকায় পয়ঃ লাইন রক্ষণাবেক্ষণ কাজে ব্যবহারের জন্য বরাক বাঁশ ক্রয় করন কাজ প্রসঙ্গে (L-4)।

অনুচ্ছেদ ১:-

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-১ এর আওতাধীন ঢাকা মহানগরীর বিভিন্ন এলাকায় পানি সরবরাহ ও সুয়্যারেজ সঞ্চালন করা হয়। পানি সরবরাহ করার জন্য বিভিন্ন রাস্তা গলিতে গলিতে পানির সঞ্চালন ও ডিস্ট্রিবিউশন লাইন এবং সুয়্যার সঞ্চালন লাইন রয়েছে। প্রায় সময় বিভিন্ন সুয়্যার লাইনের মেরামত ও রক্ষণাবেক্ষণ পয়ঃ ওভার ফ্লো/ব্লকেজ নিরসন সহ এবং ম্যানহোল কভার ফিটিং এবং রাইজিং করা হয়। সুয়্যার লাইনের মেরামত ও রক্ষণাবেক্ষণ পয়ঃ ওভার ফ্লো/ব্লকেজ নিরসন কাজে বাঁশের নল ব্যবহার করা প্রয়োজন হয়। এজন্য বিভিন্ন এলাকায় পয়ঃ ওভার ফ্লো/ব্লকেজ নিরসন সহ পয়ঃ লাইন রক্ষণাবেক্ষণ কাজে ব্যবহারের নিমিত্তে বরাক বাঁশ ক্রয় করা **জরুরী প্রয়োজন**। এটি একটি চলমান প্রক্রিয়া। সেই বিবেচনায় আপদকালীন সময়ে পয়ঃ লাইন রক্ষণাবেক্ষণ কাজের স্বার্থে উক্ত সময়ের জন্য বরাক বাঁশ ক্রয়ের লক্ষ্যে বর্তমান বাজার দর অনুযায়ী একটি প্রাক্কলন প্রস্তুত করা হলো। যাহার টাকার পরিমান দাড়িয়েছে ৳ ২৪,৮৬২.৫০ (চব্বিশ হাজার আটশত বাষট্টি দশমিক পাঁচ শূণ্য) টাকা মাত্র (ক্রঃ নং-১)। বর্ণিত কাজের ব্যয়ভার মডস জোন-১ এর ২০২৪-২৫ ইং অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-Q2(14) এর পয়ঃ লাইন রক্ষণাবেক্ষণ খাত হতে নির্বাহ করা হবে। কাজ শেষে উক্ত টাকা ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

অনুচ্ছেদ ২:-

এমতাবস্থায়, উপর্যুক্ত বর্ণনার আলোকে মডস জোন-১ এর আওতাধীন বিভিন্ন এলাকায় পয়ঃ লাইন রক্ষণাবেক্ষণ কাজে ব্যবহারের জন্য বরাক বাঁশ ক্রয় করন (L-4) কাজটি পি.পি.আর-২০০৮ এর ৮১/১ এর অনুসরনে অত্র বিভাগের অনুকূলে সরাসরি ক্রয় প্রক্রিয়ার মাধ্যমে সম্পাদনের জন্য ৳ ২৪,৮৬২.৫০ (চব্বিশ হাজার আটশত বাষট্টি দশমিক পাঁচ শূণ্য) টাকার প্রাক্কলনটি সদয় অনুমোদন দেয়া যেতে পারে। **প্রস্তাবিত কাজের প্রাক্কলন অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।**

মোঃ মিজানুর রহমান
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-১
ঢাকা ওয়াসা।

মোঃ মেহেদী হাসান
সহকারী প্রকৌশলী
মডস জোন-১, ঢাকা ওয়াসা।

মোঃ আনোয়ার হোসেন
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-১
ঢাকা ওয়াসা

মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা।

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা